# বিপিএটিসি বার্তা

একবিংশতিতম বর্ষ, ১ম সংখ্যা জুলাই - সেপ্টেম্বর ২০১৭

## জনসেবায় সর্বোচ্চ মনোযোগী হয়ে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখুন

**- পি৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

### বিপিএটিসিতে রেক্টর হিসেবে ড. এম আসলাম আলম এর যোগদান



ড. এম আসলাম আলম, রেক্টর, বিপিএটিসি

ড. এম আসলাম আলম, সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ২৩ মে ২০১৭ তারিখ রেক্টর হিসেবে যোগদান করেন। তিনি বিসিএস (প্রশাসন) ৮২ ব্যাচ (নিয়মিত) এর একজন সদস্য।



রেক্টরের কেন্দ্রে প্রথম আগমনকালে অনুষদ সদস্যগন ফুলের তোড়া দিয়ে স্বাগত জানাচ্ছেন। (ডানদিক থেকে ১ম- ড. এম আসলাম আলম, রেক্টর, ২য়- জনাব মো: জায়েদুল হক মোল্লাএনডিসি, এমডিএস, ৩য়- ড. মিজানুর রহমান, পরিচালক এবং ৪র্থ- জনাব আব্দুল বাকী, পারচালক, বিপিএটিসি)

কেন্দ্রে যোগদানের পূর্বে তিনি রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি; সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেছেন।

তিনি মাঠ পর্যায়ের এবং কেন্দ্রীয় প্রশাসনের প্রতিটি পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। দেশে-বিদেশে তিনি Environmental Policy and Change Maker হিসেবে সু-পরিচিত। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব হিসেবে ১৩ জুলাই ২০১৭ তারিখ পদোন্নতি লাভ করেন। প্রশাসনে তিনি একজন দক্ষ ও প্রাজ্ঞ কর্মকর্তা হিসেবে সুপরিচিত।

### পি৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ০৬ আগস্ট ২০১৭ তারিখ অনুষ্ঠিত হলো পি৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠান। বাংলাদেশ সিভিল সার্ভিসের ১৩টি ক্যাডার এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসসহ মোট ৩১৪ জন প্রশিক্ষণার্থী কোর্সটিতে অংশগ্রহণ করেন। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির পদ অলংকৃত করেন মাননীয় প্রতিমন্ত্রী বেগম ইসমাত আরা সাদেক, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের

সিনিয়র সচিব ড. মোঃ মোজ্জামেল হক খান। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রেক্টর ড. এম আসলাম আলম। তাছাড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কেন্দ্রের অনুষদ সদস্যবর্গ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, এ প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের কর্মজীবনের যাত্রা শুরু হলো। তিনি জানান বর্তমান সরকারের ভিশন-২০২১




পি৬৫তম এফটিসির উদ্বোধনী অনুষ্ঠান (ডান দিক থেকে ১ম ড. এম আসলাম আলম, রেক্টর, বিপিএটিসি, ২য় প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী বেগম ইসমাত আরা সাদেক এমপি ৩য় বিশেষ অতিথি ড. মো: মোজাম্মেল হক খান এবং ৪র্থ কোর্স উপদেষ্টা ড. মোহাম্মদ আবু ইউসুফ

এর অসমাপ্ত কার্যক্রম বাস্তবায়নে সিভিল সার্ভিসে নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের অপরিসীম দায়িত্ব রয়েছে। তিনি আরও বলেন, সুশাসনের পূর্বশর্ত হলো সেবামুখী ও জনমুখী সিভিল সার্ভিস, যারা সরকারের নীতি নির্ধারণে সহায়তা করবেন এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে তা বাস্তবায়ন করবেন। সেই সাথে জনসেবায় সর্বোচ্চ মনোযোগী হয়ে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখবেন।

**১১৫তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)**

বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত উপ-সচিব এবং সমপর্যায়ের কর্মকর্তাদের পেশাগত মান উন্নয়নের লক্ষ্যে বিপিএটিসিতে Advanced Course on Administration and Development (ACAD) নিয়মিত আয়োজন করা হয়। ০৪ জুন ২০১৭ হতে কেন্দ্রে ১১৫তম এসিএডি এর যাত্রা শুরু হয়। উদ্বোধন অনুষ্ঠানে বিপিএটিসির সম্মানিত এমডিএস (অতিরিক্ত সচিব) জনাব মো: জায়েদুল হক মোল্লা$_{এনডিসি}$ সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন।




১১৫তম এসিএডি কোর্সের উদ্বোধন অনুষ্ঠান (ডান দিক থেকে কোর্স উপদেষ্ঠা ড. মোহাম্মদ আবু ইউসুফ, সভাপতি জনাব মো: জায়েদুল হক মোল্লা$_{এনডিসি}$ এবং কোর্স পরিচালক জনাব মো: গোলাম মেহেদী)

দুইমাস মেয়াদি এ কোর্সে ২১ জন উপ-সচিব এবং সামরিক বাহিনীর সমপর্যায়ের ২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ২ আগস্ট ২০১৭ তারিখ সমাপনী অনুষ্ঠান ও সনদপত্র বিতরণের মাধ্যমে এ কোর্সের সমাপ্ত হয়।




১১৫তম এসিএডি কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম ও কোর্স প্রশাসন

বিপিএটিসির এমডিএস ড. মোহাম্মদ আবু ইউসুফ কোর্সটিতে উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন এবং পরিচালকের দায়িত্বে ছিলেন কেন্দ্রের টিওটি অনুবিভাগের পরিচালক জনাব মোঃ গোলাম মেহেদী। জনাব মোঃ আতিকুজ্জামান (উপ-পরিচালক) ও জনাব মোঃ মোতাহের হোসাইন (উপ-পরিচালক) কোর্সটিতে সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন।

**১১৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)**

০৬ আগস্ট ২০১৭ তারিখ ১১৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) এর উদ্বোধন করেন ড. এম আসলাম আলম, রেক্টর(সিনিয়র সচিব), বিপিএটিসি ।
দুই মাস মেয়াদি এ কোর্সে ৩৭ জন উপ-সচিব এবং সম-পদমর্যাদার কর্মকর্তা অংশ নেয়।



১১৬তম এসিএডি কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে কেন্দ্রের রেক্টর এবং কোর্স প্রশাসন

কোর্স উপদেষ্টা হিসেবে কেন্দ্রের এমডিএস জনাব বণিক গৌর সুন্দর দায়িত্ব পালন করেন। কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন কেন্দ্রের পরিচালক জনাব তাহসিনুর রহমান। কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন কেন্দ্রের উপ-পরিচালক ড. মোঃ জহুরুল ইসলাম ও মূল্যায়ন কর্মকর্তা বেগম নাসরিন আক্তার।

**৮২তম সিনিয়র স্টাফ কোর্স**

বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত যুগ্ন-সচিব এবং সমপর্যায়ের কর্মকর্তাদের নিয়ে বিপিএটিসিতে ১৬ জুলাই ২০১৭ তারিখ ৮২তম সিনিয়র স্টাফ কোর্স শুরু হয়। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো: জায়েদুল হক মোল্লা এনডিসি, এমডিএস (অতিরিক্ত সচিব), বিপিএটিসি। দেড়মাস মেয়াদি এ কোর্সে মোট ২৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ২৯ আগস্ট ২০১৭ তারিখ কোর্সটি সমাপ্ত হয়। কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম সমাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



৮২তম এসএসসি প্রশিক্ষণার্থীদের সাথে কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম ও কোর্স প্রশাসন

৮২তম এসএসসি’র উপদেষ্টা ছিলেন ড. এম আসলাম আলম, রেক্টর (সিনিয়র সচিব), বিপিএটিসি। কোর্স পরিচালকের দায়িত্বে ছিলেন কেন্দ্রের এমডিএস (অতিরিক্ত সচিব) ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ এবং কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন ড. এস এম জোবায়ের এনামুল করিম, পরিচালক, বিপিএটিসি ও জনাব বি এম বেনজীর আহমেদ, উপ-পরিচালক, বিপিএটিসি।

## ৮৩তম সিনিয়র স্টাফ কোর্স

৮৩তম সিনিয়র স্টাফ কোর্সের উদ্বোধন অনুষ্ঠান ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। দেড়মাস মেয়াদি এ কোর্সে মোট ৩২জন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা অংশগ্রহণ করেন। কোর্সটির উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, রেক্টর (সিনিয়র সচিব), বিপিএটিসি।




৮৩তম সিনিয়র স্টাফ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম এবং কোর্স উপদেষ্টা জনাব রঞ্জিৎ কুমার সেনএনডিসি

৮৩তম সিনিয়র স্টাফ কোর্সের উপদেষ্টা হিসেবে সার্বিক পরামর্শ প্রদান করেন কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম এবং কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন কেন্দ্রের এমডিএস জনাব রঞ্জিৎ কুমার সেন এনডিসি।




৮৩তম এসএসসি প্রশিক্ষণার্থীদের সাথে কেন্দ্রের রেক্টর ও কোর্স প্রশাসন

সমন্বয়ক হিসেবে জনাব মুহাম্মদ মসিউর রহমান, পরিচালক, বিপিএটিসি ও ড. মোঃ মিজানুর রহমান, পরিচালক, বিপিএটিসি দায়িত্ব পালন করেন।

## DSCSC এর প্রশিক্ষণার্থীদের বিপিএটিসি পরিদর্শন

১৩ জুলাই ২০১৭ তারিখ Defense Services Command and Satff College, Dhaka হতে ৬৯ জন বিদেশি প্রশিক্ষণার্থীসহ মোট ৩১০ জন প্রশিক্ষণার্থী বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। এ দলের নেতৃত্ব দেন Defense Services Command and Satff College এর চীফ ইন্সট্রাক্টর ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ তারেক হোসেন এডব্লিওসি, পিএসসি। বিপিএটিসির পক্ষ থেকে তাদেরকে স্বাগত কেন্দ্রের এমডিএস জনাব রঞ্জিৎ কুমার সেন এনডিসি।



কেন্দ্রের অডিটোরিয়ামে মতবিনিময় অনুষ্ঠান (বক্তব্য রাখছেন DSCSC এর চীফ ইন্সট্রাক্টর ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ তারেক হোসেন এডব্লিওসি, পিএসসি এবং পাশে জনাব রঞ্জিৎ কুমার সেন এনডিসি, এমডিএস, বিপিএটিসি)

সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১৩.৩০ ঘটিকা পর্যন্ত কেন্দ্রের অডিটোরিয়ামে DSCSC প্রশিক্ষণার্থীদের সাথে বিপিএটিসির কর্মকর্তাদের অভিজ্ঞতা বিনিময় হয়। এরপর DSCSC প্রশিক্ষণার্থীরা বিপিএটিসির প্রশিক্ষণ

সুবিধাদি ঘুরে দেখেন এবং দুপুর ১৪:০০ ঘটিকায় তারা কেন্দ্র ত্যাগ করেন।

## SOS (এসওএস) শিশু পল্লীর প্রশিক্ষণার্থীদের নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মশালা

SOS শিশু পল্লীর মোট ৪৮ জন প্রশিক্ষণার্থী নিয়ে ০৮ আগস্ট ২০১৭ তারিখ বিপিএটিসিতে জাতীয় শুদ্ধাচার কৌশল এর উপর অর্ধদিবস ব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন কেন্দ্রের পরিচালক জনাব মো: জাহিদুল ইসলাম।



এসওএস শিশু পল্লীর প্রশিক্ষণার্থীদের সাথে বিপিএটিসির অনুষদবর্গ

SOS শিশু পল্লীর প্রশিক্ষণার্থীদের নেতৃত্ব দেন SOS শিশু পল্লীর প্রকল্প পরিচালক জনাব মো: সাইফুল ইসলাম এবং প্রোগ্রাম প্রধান ড. মো: আশরাফ হোসাইন। কর্মশালা শেষে প্রশিক্ষণার্থীদের বিপিএটিসি প্রশিক্ষণ সুবিধাদি ঘুরে দেখানো হয়।

## DoR এর কর্মকর্তাদের জন্য ২য় বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপ্তি

১২ জুলাই ২০১৭ তারিখ অনুষ্ঠিত হয় দুমাসব্যাপি Directorate of Registration (DoR) এর কর্মকর্তাদের নিয়ে ২য় বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক এম.পি।




আইনমন্ত্রী জনাব আনিসুল হক এম.পি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের (DoR) সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন। মঞ্চে উপস্থিত কেন্দ্রের রেক্টর (মাঝে), নিবন্ধন পরিদপ্তরের মহাপরিদর্শক (বাঁমে) এবং আইন ও বিচার বিভাগের সচিব (ডানে)

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন ও বিচার বিভাগের সচিব জনাব আবু সালেহ শেখ মো: জহিরুল হক এবং নিবন্ধন পরিদপ্তরের মহাপরিদর্শক জনাব খান মো: আবদুল মান্নান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম।



আইনমন্ত্রীর সাথে কেন্দ্রের রেক্টর, আইন ও বিচার বিভাগের সচিব, নিবন্ধন পরিদপ্তরের মহাপরিদর্শক, কোর্স প্রশাসন এবং প্রশিক্ষণার্থীবৃন্দ

২য় বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন কেন্দ্রের এমডিএস ড.

রিজওয়ান খায়ের এবং কোর্স পরিচালক ড. মো: মিজানুর রহমান।

সমন্বয়ক ছিলেন ড. মো: জহুরুল ইসলাম(উপপরিচালক) এবং ড. মো. মশিউর রহমান(উপপরিচালক)। লিয়াজো কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব শাহ্ নেওয়াজ, সহকারী পরিচালক, বিপিএটিসি।

## Feedback Seminar on Overseas Study Tour

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত ৭৮ ও ৭৯তম সিনিয়র স্টাফ কোর্সের(SSC) প্রশিক্ষণার্থীদের Overseas Exposure Visit নিয়ে Feedback Seminar অনুষ্ঠিত হয় ১১ সেপ্টেম্বর ২০১৭ তারিখ। অপরদিকে ১১২ ও ১১৩তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সের (ACAD) প্রশিক্ষণার্থীদের নিয়ে Overseas Exposure Visit নিয়ে Feedback Seminar অনুষ্ঠিত হয় ১২ সেপ্টেম্বর ২০১৭ ।



ফিডব্যাক সেমিনারে বক্তব্য রাখছেন কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম। পাশে কেন্দ্রের এমডিএস ও সেমিনার উপদেষ্টা ড. মোহাম্মদ আবু ইউসুফ

উপর্যুক্ত ২টি সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. এম আসলাম আলম, রেক্টর, বিপিএটিসি। সেমিনার উপদেষ্টা হিসেবে কেন্দ্রের এমডিএস ড. মোহাম্মদ আবু ইউসুফ এবং সেমিনার পরিচালক হিসেবে কাজী হাসান ইমাম, পরিচালক, বিপিএটিসি দায়িত্ব পালন করেন। সিনিয়র স্টাফ কোর্সের Feedback Seminar এর সমন্বয়ক ছিলেন জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম (উপপরিচালক) এবং জনাব এ এফ এম আমীর হোসেন (উপপরিচালক)। অপরদিকে এসিএডি কোর্সের Feedback Seminar এর সমন্বয়ক ছিলেন ড. রোকেয়া ফাহমিদা (উপপরিচালক) এবং জনাব হাসান মূর্তজা মাসুম (উপপরিচালক)।

## জাতীয় শোক দিবস ২০১৭ উদযাপন

১৫ আগস্ট ২০১৭ তারিখ কেন্দ্রে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালিত হয়। দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনাদর্শের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।




জাতীয় শোকদিবসের অলোচনাসভায় প্রধান অতিথি ড. মসিউর রহমান(বাঁ পাশে)। ডানপাশে কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, রেক্টর (সিনিয়র সচিব), বিপিএটিসি। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর

রহমান। অনুষ্ঠানে প্রধান বক্তা ড. মসিউর রহমান বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন দিক, বিশেষ করে বাংলাদেশের মাতৃভাষা ও স্বাধীনতা সংগ্রাম তথা সোনার বাংলা গড়ার স্বপ্ন ছাড়াও একটি স্বাবলম্বী দেশ গড়ার স্বপ্নের কথা উল্লেখ করেন। তাছাড়াও কেন্দ্রের মিনি অডিটরিয়ামে শিশু কিশোরদের এক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং কেন্দ্রের মসজিদে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

**জুলাই - সেপ্টেম্বর ২০১৭ মেয়াদে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাদের আগমন ও প্রত্যাগমন সংক্রান্ত তথ্য:**

| নাম | পদবি | যোগদান | বদলি |
|---|---|---|---|
| জনাব মোহাম্মদ ইব্রাহিম খলিল | প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), বিপিএটিসি’র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ | ১৭/১০/২০১৭ | বর্তমান |
| জনাব মোঃ আব্দুল বাকী | পরিচালক (যুগ্মসচিব) | - | ০৪/০৯/২০১৭ (ই.আর.ডি তে সংযুক্ত) |
| জনাব এ,কে এম, শামীম আক্তার | উপ-পরিচালক (উপসচিব) | - | ২৪/০৭/২০১৭ (বিয়াম) |
| জনাব কাজী সায়েমুজ্জামান | পিএস টু রেক্টর (সিনিয়র সহকারী সচিব) | - | ২৭/০৭/২০১৭ (এ টু আই) |
| জনাব মোঃ সাইফুল আলম নোমানী | উপপরিচালক (সহযোগী অধ্যাপক) | - | ২০/০৮/২০১৭ (অধ্যাপক, মাউশি) |
| জনাব মোঃ জাহিদুল ইসলাম | পরিচালক (উপসচিব) | ২৩/০৮/২০১৭ | বর্তমান |
| ড. মোহাম্মদ আমজাদ হোসেন | পরিচালক (উপসচিব) | ২৩/০৮/২০১৭ | বর্তমান |
| ড. মোঃ মিজানুর রহমান | পরিচালক (উপসচিব) | ২২/০৮/২০১৭ | বর্তমান |
| ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া | পরিচালক (উপসচিব) | ২২/০৮/২০১৭ | বর্তমান |
| ড. আব্দুল আলীম খান | উপ-পরিচালক, আরপিএটিসি, ঢাকা (উপসচিব) | ২৪/০৮/২০১৭ | বর্তমান |
| জনাব মোঃ নাজমুল ইসলাম সরকার | পিএস টু রেক্টর (সিনিয়র সহকারী সচিব) | ১৩/০৭/২০১৭ | বর্তমান |
| বেগম সুহানা ইসলাম | উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব) | ১৪/০৯/২০১৭ | বর্তমান |
| বেগম হেলেনা পারভীন | উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব) | ২৯/১০/২০১৭ | বর্তমান |

**জুলাই - সেপ্টেম্বর ২০১৭ মেয়াদে বিপিএটিসি’র অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী:**

| ক্রঃ নং | নাম | পদবী | পিআরএল গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আমীর খসরু | সহকারী পরিচালক | ১৬/০৭/২০১৭ |
| ২ | জনাব মোঃ কামরুজ্জামান | ক্যাফেটেরিয়া প্রকিউরমেন্ট সহকারি | ০৮/০৮/২০১৭ |
| ৩ | জনাব সওকত আলী | হিসাব রক্ষক | ১৮/০৮/২০১৭ |
| ৪ | জনাব মোঃ আজিজুল হক | টেকনিক্যাল সুপারভাইজার | ০১/০৯/২০১৭ |

# সম্পাদনা পরিষদ

**সভাপতি:**

ড. মোহাম্মদ আবু ইউসুফ
এমডিএস (গবেষণা ও উপদেশনা)
বিপিএটিসি, সাভার

**সদস্য:**
মোঃ শফিকুল হক
পরিচালক (গবেষণা ও উন্নয়ন)
বিপিএটিসি, সাভার

**সম্পাদক:**

মো: মোতাহের হোসাইন
উপ-পরিচালক (এমআইএস)
বিপিএটিসি, সাভার

**সহকারী সম্পাদক:**
মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী প্রকাশনা কর্মকর্তা
বিপিএটিসি, সাভার